

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৮৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - ঠাট্টা ও কৌতুক প্রসঙ্গে

### আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالُوا: يَا رَسُولَ اللَّهِ إِنَّكَ تُدَاعِبُنَا. قَالَ: «إِنِّي لَا أَقُولُ إِلَّا حَقًا» . رَوَاهُ التِّرْمِذِيّ

#### বাংলা

৪৮৮৫-[২] আবৃ হুরায়রা হতে বর্ণিত। তিনি বলেন, সাহাবায়ে কিরাম (রাঃ) জিজ্ঞেস করলেনঃ হে আল্লাহর রসূল! আপনি আমাদের সাথে কৌতুকপূর্ণ কথাবার্তা বলছেন? রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হ্যাঁ, (এ কৌতুকপূর্ণ কথাবার্তার মধ্যেও) আমি সত্য কথাই বলছি। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ১৯৯০, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৭২৬, সহীহ আল আদাবুল মুফরাদ ২০০, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৬১৬৮, আহমাদ ৮৭২৩, শু'আবুল ঈমান ৫২৩৮, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১২১৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (الدعابة) মাসদার থেকে المنابة শব্দিটি গঠিত। অর্থাৎ আপনি আমাদের সাথে কৌতুকপূর্ণ কথাবার্তা বলছেন? এ প্রসঙ্গে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এক বৃদ্ধা মহিলাকে বলেছিলেন, لا تَدْخُلُ অর্থাৎ 'জান্নাতে কোন বৃদ্ধা মহিলা প্রবেশ করবে না।' (হাদীসটি হাসান, গয়াতুল মারাম ৩৭৫নং)

হাদীসটির অর্থ হলো জান্নাতে প্রবেশ করার সময় কোন ব্যক্তি বৃদ্ধ বা বৃদ্ধা থাকবে না। বাহ্যিকভাবে মনে হচ্ছে যেন বৃদ্ধা জান্নাতে যেতে পারবে না। এটাই ছিল রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কৌতুক। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৯৯০)

(إِنِّي لَا أَقُولُ إِنَّا حَقًا) অর্থাৎ আমি ন্যায় ও সত্য কথা বলি। কথা ও কাজে পদস্থলন থেকে আমাকে রক্ষা করার



কারণে। আর তোমাদেরকে রক্ষা না করার কারণে তোমাদের কেউ এই সীমাবদ্ধতার উপর ক্ষমতাবান নও। (তুহফাতুল আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৯৯০)

হাদীসটির বাস্তবিক প্রয়োগ: ন্যায়ের উপর অটল অবিচল থেকে কৌতুক করা যায়। কিন্তু কোনটা ন্যায় যার উপর অটল থেকে কৌতুক করা বৈধ হবে, এরূপ বাছ-বিচার করার মতো জ্ঞানী ব্যক্তি খুবই কম আছে। তাই ঢালাওভাবে কোন বাছ-বিচার না করে শারী আতকে অবমূল্যায়ন করে যারা ঠাট্টা ও কৌতুক করেন, তারা নিঃসন্দেহে অপরাধ করেন। এ অপরাধ কখনো কুফরীর পর্যায়ে পৌঁছে। [সম্পাদক]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন